

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]



[আদেশ]

আদেশ নং- ৫৮/২০২৬/কাস্টমস/৫৫৪

তারিখ: ১৩ কার্তিক ১৪৩৩
২৯ অক্টোবর ২০২৬

বিষয়: বাংলাদেশ কাস্টমস ট্যারিফ-এর এইচ.এস. হেডিং ৫২০৫, ৫২০৬ ও ৫২০৭-এর আওতায় ১০-৩০ কাউন্টের কটন সুতা আমদানিতে বন্ড সুবিধা প্রত্যাহার এবং ব্যাংক গ্যারান্টি দাখিলের মাধ্যমে আমদানি সংক্রান্ত আদেশের বিষয়ে স্পষ্টিকরণ।

সূত্র: (১) জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং-৫১/২০২৬/কাস্টমস/৫১৯, তারিখ: ০৭/০৯/২০২৬ খ্রি।
(২) জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং-৫৪/২০২৬/কাস্টমস/৫৪০, তারিখ: ০৮/১০/২০২৬ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, টেক্সটাইল শিল্পের বিদ্যমান সমস্যা পর্যালোচনা ও সমাধানের লক্ষ্যে গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটির ১ম সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে স্থানীয় শিল্পের স্বার্থ সংরক্ষণ এবং প্রকৃত রপ্তানিকারকদের কাঁচামাল প্রাপ্তি সহজীকরণের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং-৫১/২০২৬/কাস্টমস/৫১৯, তারিখ: ০৭/০৯/২০২৬ খ্রি. এর মাধ্যমে বাংলাদেশ কাস্টমস ট্যারিফ-এর এইচ.এস. হেডিং ৫২০৫, ৫২০৬ ও ৫২০৭-এর আওতায় ১০-৩০ কাউন্টের কটন সুতা আমদানিতে বন্ড সুবিধা প্রত্যাহার এবং ওয়ারহাউস লাইসেন্সধারী প্রকৃত রপ্তানিকারকগণকে ব্যাংক গ্যারান্টি দাখিলের মাধ্যমে আমদানির সুযোগ প্রদান করা হয়। পরবর্তীতে, জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং-৫৪/২০২৬/কাস্টমস/৫৪০, তারিখ: ০৮/১০/২০২৬ খ্রি. এর মাধ্যমে আদেশ নং-৫১/২০২৬/কাস্টমস/৫১৯, তারিখ: ০৭/০৯/২০২৬ খ্রি. সংশোধন করা হয়।

২। এতদ্বারা জানানো যাচ্ছে যে, উক্ত আদেশদ্বয়ে বর্ণিত ১০-৩০ কাউন্টের কটন সুতা বলতে ১০-৩০ সিজেল কাউন্টের কটন সুতাকে বুঝাবে।

৩। কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ২৬৬ এ প্রদত্ত ক্ষমতাবলে জারিকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

[কাজী রায়হানুজ্জামান]

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ এবং মূল্য সংযোজন কর আপিল ট্রাইব্যুনাল, ঢাকা।
- ২-৪। কমিশনার অব কাস্টমস (বন্ড), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/চট্টগ্রাম।
- ৫-১২। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, ঢাকা/চট্টগ্রাম/মোংলা/বেনাপোল/আইসিডি, কমলাপুর/আইসিডি, চট্টগ্রাম/পানগাঁও/ভোমরা।
- ১৩-২৮। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ঢাকা (পূর্ব)/ঢাকা (পশ্চিম)/চট্টগ্রাম/খুলনা/যশোর/সিলেট/রাজশাহী/রংপুর/কুমিল্লা/নারায়ণগঞ্জ/গাজীপুর/বরিশাল/ময়মনসিংহ/কক্সবাজার।
- ২৯। কমিশনার, ইকোনমিক জোন কমিশনারেট, ঢাকা।
- ৩০-৩৩। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/কাস্টমস রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/মূল্য সংযোজন কর, নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
- ৩৪। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
- ৩৫। কমিশনার, কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা।
- ৩৬-৩৯। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-১/ঢাকা-২/চট্টগ্রাম/খুলনা।
- ৪০। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (আদেশের আলোকে Asycuda World System-এ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং আদেশটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইট-এ প্রকাশের অনুরোধসহ)।
- ৪১। সভাপতি, বাংলাদেশ গার্মেন্ট ম্যানুফ্যাকচারার্স এবং এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিজিএমইএ), বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ি নং-৭/৭এ, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা।

- ৪২। সভাপতি, বাংলাদেশ নিটওয়ার ম্যানুফ্যাকচারার্স এবং এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিকেএমইএ), প্লানার্স টাওয়ার (১৩ তলা), ১৩/এ সোনারগাঁও রোড, বাংলামোটর, ঢাকা।
- ৪৩। সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস অ্যাসোসিয়েশন (বিটিএমএ), লেভেল-৬, ইউটিসি ভবন, পাশ্বপথ, কাওরান বাজার, ঢাকা।

স্মারক নম্বর-০৮.০১.০০০০.০৫৬.০২.০১৬.২৫/

তারিখ: ১৩ কার্তিক ১৪৩৩
২৯ অক্টোবর ২০২৬

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রথম সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২। মন্ত্রীর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। পিএ টু সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫-৬। অফিস কপি/গার্ড কপি।

১১

[কাজী রায়হানুজ্জামান]
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)